অধ্যায় ০৬

# মহাদেশ ও মহাসাগর

## আলোচ্য বিষয়

- মহাদেশ
- মহাসাগর
- মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য
- এশিয়ার মানচিত্রে বাংলাদেশ।

## অধ্যায়ের মূলকথা

আমরা পৃথিবী নামক গ্রহে বাস করি। পৃথিবীর উপরিভাগে আছে স্থলভাগ ও জলভাগ। স্থলভাগ আবার সাতটি মহাদেশে বিভক্ত এবং জলভাগ পাঁচটি মহাসাগরে বিভক্ত। স্থলভাগ ও জলভাগের অভ্যন্তরে দেখা যায় বিচিত্র ধরনের ভূপ্রকৃতি। কোথাও আছে পাহাড়, পর্বত, উঁচুভূমি; কোথাও আছে সমভূমি, বন, নদী, সমুদ্র ইত্যাদি। এসব ভিন্ন ভিন্ন বৈচিত্র্যপূর্ণ পরিবেশে বসবাস করে আবার বিচিত্র ধরনের প্রাণী। একেক অঞ্চলে বসবাসকারী প্রাণীদের বৈশিষ্ট্য আবার একেক রকম। পরিবেশের সাথে নিজেদের মানিয়ে নিয়ে তৈরি হয়েছে জীববৈচিত্র্য। বাংলাদেশ এশিয়া মহাদেশের দক্ষিণে অবস্থিত। সমভূমি, বন, পাহাড়, নদী, সমুদ্র নানা ধরনের প্রাকৃতিক বৈচিত্র্য নিয়েই বাংলাদেশে আমাদের বসবাস। বাংলাদেশের উত্তরে ভারত, দক্ষিণে বঙ্গোপসাগর; পূর্বে ভারত ও মিয়ানমার এবং পশ্চিম দিকে ভারত অবস্থিত।



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- মহাদেশ, মহাসাগর সম্পর্কে জেনে ভৌগোলিক বৈচিত্র্যের প্রতি আগ্রহী হওয়া।

## অধ্যায়ের শিখনফল

- পৃথিবীর মানচিত্রে মহাদেশ চিহ্নিত করতে পারবে।
- পৃথিবীর মানচিত্রে মহাসাগর চিহ্নিত করতে পারবে।
- বিভিন্ন মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য সম্পর্কে বর্ণনা করতে পারবে।
- আগ্রহের সাথে এশিয়া মহাদেশে নিজের অবস্থান চিহ্নিত করতে পারবে।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ)

বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ মহাদেশ

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪২

**একক কাজ** (ক) মানচিত্রে স্থলভাগ চিহ্নিত করি এবং প্রদত্ত মানচিত্রে মহাদেশ খুঁজে বের করে নিচে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৩




বিশ্ব মানচিত্রে মহাদেশ

পাঠ্যবইয়ের ছক :





উত্তর :




**জোড়ায় কাজ** (খ) মানচিত্র দেখে মহাদেশের নাম লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৩


নির্দেশনা : পাঠ্যবইয়ের ৪৩ পৃষ্ঠার বিশ্ব মানচিত্রটি দেখে মহাদেশগুলো চিহ্নিত করবে।

উত্তর : বিশ্ব মানচিত্রে পৃথিবীর মহাদেশগুলো চিহ্নিত করে নিচে দেওয়া হলো—





বাংলাদেশ ও বিশ্বপরিচয়

**একক কাজ** (গ) মহাদেশগুলো ভিন্ন ভিন্ন রং করি ও নাম লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৪




**নির্দেশনা :** শিক্ষার্থীরা পাঠ্যবইয়ের ৪২, ৪৩ ও ৪৪ পৃষ্ঠা থেকে সহায়তা নিয়ে মহাদেশগুলো পেনসিল দিয়ে রং করবে।

**উত্তর :** নিচে মানচিত্রের মহাদেশগুলো চিহ্নিত কর ভিন্ন ভিন্ন রং দিয়ে অঙ্কন করা হলো-.




## পাঠ ২ মহাসাগর


▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৫

**একক কাজ** (ক) মানচিত্রে জলভাগ চিহ্নিত করি এবং উপরের মানচিত্রে মহাসাগর খুঁজে বের করে নিজে লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৫




বিশ্ব মানচিত্রে মহাসাগর

**পাঠ্যবইয়ের ছক :**




**উত্তর :**



দলগত কাজ (খ) পাঠ্যবইয়ের ৪৫ পৃষ্ঠার মানচিত্র পর্যবেক্ষণ করি ও নিচের ছকে তথ্য লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬

পাঠ্যবইয়ের ছক :

| মহাদেশ | মহাসাগর |
|---|---|
| এশিয়া ও ইউরোপের উপরে অবস্থিত মহাসাগর | |
| এশিয়ার নিচে অবস্থিত মহাসাগর | |
| দক্ষিণ আমেরিকার বামে অবস্থিত মহাসাগর | |
| সবচেয়ে বড়ো মহাসাগর | |
| সবচেয়ে ছোটো মহাসাগর | |

উত্তর :

| মহাদেশ | মহাসাগর |
|---|---|
| এশিয়া ও ইউরোপের উপরে অবস্থিত মহাসাগর | আর্কটিক মহাসাগর |
| এশিয়ার নিচে অবস্থিত মহাসাগর | ভারত মহাসাগর |
| দক্ষিণ আমেরিকার বামে অবস্থিত মহাসাগর | প্রশান্ত মহাসাগর |
| সবচেয়ে বড়ো মহাসাগর | প্রশান্ত মহাসাগর |
| সবচেয়ে ছোটো মহাসাগর | আর্কটিক মহাসাগর |

জোড়ায় কাজ (গ) নিচে দেওয়া তালিকা থেকে মহাদেশ ও মহাসাগরের নাম খুঁজে বের করে ছকে তালিকা তৈরি করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬


তালিকা : এন্টার্কটিকা, প্রশান্ত, অস্ট্রেলিয়া, ভারত, আটলান্টিক, এশিয়া, আফ্রিকা, দক্ষিণ।

| মহাদেশ | মহাসাগর |
|---|---|
| | |
| | |
| | |
| | |

উত্তর :

| মহাদেশ | মহাসাগর |
|---|---|
| এশিয়া | প্রশান্ত |
| আফ্রিকা | ভারত |
| অস্ট্রেলিয়া | আটলান্টিক |
| এন্টার্কটিকা | দক্ষিণ |

একক কাজ (ঘ) জলভাগ নীল রং করি এবং মহাসাগরগুলোর অবস্থান চিহ্নিত করে নাম লিখি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৬




উত্তর :




বিশ্ব মানচিত্রে মহাসাগর

## পাঠ ৩ মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৭

**একক কাজ** (ক) পাঠ্যবইয়ের ৪৭ ও ৪৮ পৃষ্ঠার বিষয়বস্তু পড়ি ও আয়তন অনুযায়ী মহাদেশগুলো ছোটো থেকে বড়ো ক্রমানুসারে সাজাই–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৮

**পাঠ্যবইয়ের ছক :**

**উত্তর :**

অস্ট্রেলিয়া/ওশেনিয়া > ইউরোপ > এন্টার্কটিকা > দক্ষিণ আমেরিকা > উত্তর আমেরিকা > আফ্রিকা > এশিয়া

**দলগত কাজ** (খ) মহাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য অনুযায়ী নিচের ছকে মহাদেশের নাম লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৪৯

**পাঠ্যবইয়ের ছক :**

| মহাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য | মহাদেশের নাম |
|---|---|
| উত্তর অঞ্চলে ঠান্ডা অনেক বেশি | |
| পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট | |
| ক্যাঙ্গারুর আবাসভূমি | |
| এনাকোন্ডা পাওয়া যায় | |
| পেঙ্গুইনের বসবাস | |
| এস্কিমোরা বাস করে | |
| সাহারা মরুভূমি | |

**উত্তর :**

| মহাদেশের ভৌগোলিক বৈশিষ্ট্য | মহাদেশের নাম |
|---|---|
| উত্তর অঞ্চলে ঠান্ডা অনেক বেশি | ইউরোপ |
| পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট | এশিয়া |
| ক্যাঙ্গারুর আবাসভূমি | অস্ট্রেলিয়া |
| এনাকোন্ডা পাওয়া যায় | দক্ষিণ আমেরিকা |
| পেঙ্গুইনের বসবাস | এন্টার্কটিকা |
| এস্কিমোরা বাস করে | উত্তর আমেরিকা |
| সাহারা মরুভূমি | আফ্রিকা মহাদেশ |


## পাঠ ৪ এশিয়ার মানচিত্রে বাংলাদেশ

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০

**একক কাজ** (ক) এশিয়ার মানচিত্রে বাংলাদেশকে চিহ্নিত করি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০

**উত্তর :** এশিয়ার মানচিত্রে বাংলাদেশ।



**জোড়ায় কাজ** (খ) মানচিত্র দেখে বাংলাদেশের কোন দিকে কোন দেশ ও কোন জলভাগ অবস্থিত তা নিচের ছকে লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫০


উত্তর :

| | দিক | দেশ ও জলভাগের নাম |
|---|---|---|
| বাংলাদেশ | উপর দিক (উত্তর) | ভারত, নেপাল, ভুটান |
| | নিচের দিক (দক্ষিণ) | বঙ্গোপসাগর |
| | ডান দিক (পূর্ব) | ভারত, মিয়ানমার |
| | বাম দিক (পশ্চিম) | ভারত |

**একক কাজ** (গ) এশিয়ার মানচিত্রে বাংলাদেশের অবস্থান চিহ্নিত করি ও রং করি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫১

উত্তর :




## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

**পাঠ ১ মহাদেশ**

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** চিত্রটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :




- এটা কী?
- এটা কীসের প্রতিরূপ?
- এখানে কী কী দেখানো হয়েছে?
- কোন অংশ স্থলভাগ ও কোন অংশ জলভাগ?

**নমুনা উত্তর**

- **এটা কী?**

  উত্তর : এটা একটা মানচিত্র।

- **এটা কীসের প্রতিরূপ?**

  উত্তর : এটা পৃথিবীর মানচিত্রের প্রতিরূপ।

- **এখানে কী কী দেখানো হয়েছে?**

  উত্তর : এখানে পৃথিবীর বিভিন্ন মহাদেশের স্থলভাগ ও জলভাগ দেখানো হয়েছে।


- **কোন অংশ স্থলভাগ ও কোন অংশ জলভাগ ?**

  উত্তর : অপেক্ষাকৃত গাঢ় রঙের অংশ স্থলভাগ এবং সাদা রঙের অংশগুলো জলভাগ।

## পাঠ ২ মহাসাগর

▶ সূত্র : শিক্ষক সহায়িকা


একক কাজ | চিত্রটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :




প্রশ্ন :

- মানচিত্রে মহাদেশগুলো চিহ্নিত কর।
- মানচিত্রে নীল রং করা অংশ দ্বারা কী বোঝায়?

নমুনা উত্তর




- **মানচিত্রে মহাদেশগুলো চিহ্নিত কর।**
  উত্তর : পাঠ্যবইয়ের ৪২নং পৃষ্ঠা দেখে মানচিত্রের মহাদেশগুলো চিহ্নিত করবে।
- **মানচিত্রে নীল রং করা অংশ দ্বারা কী বোঝায়?**
  উত্তর : পাঠ্যবইয়ের ৪২নং ও ৪৫নং পৃষ্ঠার নীল রং করা অংশ দ্বারা বিভিন্ন সাগর ও মহাসাগরকে বোঝায়।

## পাঠ ৩ মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

একক কাজ | চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :




প্রশ্ন :


- এখানে কয়টি মহাদেশ?
- সকল মহাদেশের আয়তন বা আকার কি একই রকম?
- কেমন?


নমুনা উত্তর

- **এখানে কয়টি মহাদেশ?**
  উত্তর : এখানে ৭টি মহাদেশ রয়েছে।
- **সকল মহাদেশের আয়তন বা আকার কি একই রকম?**
  উত্তর : সকল মহাদেশের আয়তন বা আকার একই রকম নয়।
- **কেমন?**
  উত্তর : পৃথিবীর স্থলভাগকে সাতটি মহাদেশে ভাগ করা হয়েছে। প্রতিটি মহাদেশে রয়েছে অনেক দেশ। পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ হলো এশিয়া। সবচেয়ে ছোটো মহাদেশ হলো ওশেনিয়া/অস্ট্রেলিয়া।

**দলগত কাজ** দলগত আলোচনা করে কোন মহাদেশের কোন বৈশিষ্ট্য সে অনুযায়ী কার্ডগুলো সাজাও :


**মহাদেশের কার্ড**



















**মহাদেশের বৈশিষ্ট্যের কার্ড**

**দক্ষিণ আমেরিকা মহাদেশ**
- পৃথিবীর চতুর্থ বৃহত্তম মহাদেশ।
- পৃথিবীর বৃহদাকার সাপ এখানে বাস করে।

**এন্টার্কটিকা মহাদেশ**
- পৃথিবীর পঞ্চম বৃহত্তম মহাদেশ।
- এ মহাদেশ সারা বছর বরফে ঢাকা থাকে।

**অস্ট্রেলিয়া/ ওশেনিয়া মহাদেশ**
- পৃথিবীর সবচেয়ে ছোটো মহাদেশ।
- এটি দ্বীপ মহাদেশ নামেও পরিচিত।
- একটি বিশেষ প্রাণী এ মহাদেশের পরিচয় বহন করে।

**এশিয়া মহাদেশ**
- পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ।
- পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ এখানে অবস্থিত।

## আফ্রিকা মহাদেশ

- পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ।
- পৃথিবীর সবচেয়ে বড় মরুভূমি এখানে অবস্থিত।

## ইউরোপ মহাদেশ

- আয়তনে পৃথিবীর ষষ্ঠ বৃহত্তম মহাদেশ।
- পৃথিবীর সবচেয়ে ছোটো দেশ ভ্যাটিকানসিটি এ মহাদেশে অবস্থিত।

## উত্তর আমেরিকা মহাদেশ

- পৃথিবীর তৃতীয় বৃহত্তম মহাদেশ।
- এ মহাদেশের বরফ ঢাকা উত্তর মেরু অঞ্চলে এমন একটি জাতি বাস করে যাদের ঘর বরফে তৈরি।

### কার্ডের মিলকরণ (সমাধান)

**নির্দেশনা :** শিক্ষক তোমাকে মহাদেশের কার্ড ও বৈশিষ্ট্যের কার্ড সরবরাহ করবেন। তোমরা মহাদেশের কার্ডগুলোর সাথে মহাদেশের বৈশিষ্ট্যের কার্ডগুলো পাশাপাশি মিল করবে। তোমাদের বোঝার সুবিধার্থে কার্ডের মিলকরণ দেখানো হলো।




## এশিয়া মহাদেশ

- পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ।
- পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ এখানে অবস্থিত।





## আফ্রিকা মহাদেশ

- পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ।
- পৃথিবীর সবচেয়ে বড় মরুভূমি এখানে অবস্থিত।




## উত্তর আমেরিকা মহাদেশ

- পৃথিবীর তৃতীয় বৃহত্তম মহাদেশ।
- এ মহাদেশের বরফ ঢাকা উত্তর মেরু অঞ্চলে এমন একটি জাতি বাস করে যাদের ঘর বরফে তৈরি।





## দক্ষিণ আমেরিকা মহাদেশ

- পৃথিবীর চতুর্থ বৃহত্তম মহাদেশ।
- পৃথিবীর বৃহদাকার সাপ এখানে বাস করে।





## এন্টার্কটিকা মহাদেশ

- পৃথিবীর পঞ্চম বৃহত্তম মহাদেশ।
- এ মহাদেশ সারা বছর বরফে ঢাকা থাকে।




## ইউরোপ মহাদেশ

- আয়তনে পৃথিবীর ষষ্ঠ বৃহত্তম মহাদেশ।
- পৃথিবীর সবচেয়ে ছোটো দেশ। ভ্যাটিকানসিটি এ মহাদেশে অবস্থিত।




## অস্ট্রেলিয়া/ ওশেনিয়া মহাদেশ

- পৃথিবীর সবচেয়ে ছোটো মহাদেশ।
- এটি দ্বীপ মহাদেশ নামেও পরিচিত।
- একটি বিশেষ প্রাণী এ মহাদেশের পরিচয় বহন করে।




## পাঠ ৪ এশিয়ার মানচিত্রে বাংলাদেশ

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**দলগত কাজ** পৃথিবীর মানচিত্রে এশিয়া মহাদেশ ও বাংলাদেশ চিহ্নিত করি।

উত্তর : পৃথিবীর মানচিত্রে এশিয়া মহাদেশ ও বাংলাদেশ চিহ্নিত করা হলো—



## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।**

১। পৃথিবী সৌরজগতের একটি উপগ্রহ।
২। পৃথিবীর উপরিভাগে আছে স্থলভাগ ও জলভাগ।
৩। পৃথিবীর চার ভাগের তিন ভাগ স্থলভাগ।
৪। পৃথিবীর স্থলভাগকে পাঁচটি মহাদেশে ভাগ করা হয়েছে।
৫। পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ হলো এশিয়া।
৬। পৃথিবীর তিন ভাগ জলভাগ।
৭। প্রশান্ত মহাসাগর পৃথিবীর সবচেয়ে ছোটো মহাসাগর।

**উত্তরমালা :** ১। মিথ্যা; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। সত্য; ৭। মিথ্যা।

**খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।**

১। পৃথিবীর স্থলভাগকে —— মহাদেশে ভাগ করা হয়েছে।
**উত্তর :** সাতটি।
২। পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ হলো ——। **উত্তর :** এশিয়া।
৩। পৃথিবীর তিন ভাগ ——। **উত্তর :** জল।
৪। স্থলভাগের চারপাশে আছে বিপুল ——।
**উত্তর :** লবণাক্ত জলরাশি।
৫। পৃথিবীতে মোট —— মহাসাগর রয়েছে। **উত্তর :** পাঁচটি।
৬। পৃথিবীর সবচেয়ে বড়ো —— আফ্রিকা মহাদেশে অবস্থিত।
**উত্তর :** সাহারা মরুভূমি।
৭। পৃথিবীর তৃতীয় বৃহত্তম মহাদেশ ——। **উত্তর :** উত্তর আমেরিকা।
৮। আয়তনে মহাদেশগুলোর মধ্যে এন্টার্কটিকা ——।
**উত্তর :** পঞ্চম।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

**প্রশ্ন ১। পৃথিবী দেখতে কেমন?**
**উত্তর :** পৃথিবী দেখতে গোলাকার, তবে উত্তর-দক্ষিণে কিছুটা চাপা।
**প্রশ্ন ২। পৃথিবীর উপরিভাগে কী রয়েছে?**
**উত্তর :** পৃথিবীর উপরিভাগে আছে স্থলভাগ ও জলভাগ।
**প্রশ্ন ৩। পৃথিবীর স্থলভাগ কী নিয়ে গঠিত?**
**উত্তর :** পৃথিবীর স্থলভাগ সমভূমি, মালভূমি, পাহাড়, পর্বত ও মরুভূমি নিয়ে গঠিত।
**প্রশ্ন ৪। পৃথিবীর জলভাগ কী দিয়ে গঠিত?**
**উত্তর :** পৃথিবীর জলভাগ নদী, সাগর ও মহাসাগর নিয়ে গঠিত।
**প্রশ্ন ৫। পৃথিবীতে মোট কয়টি মহাসাগর রয়েছে?**
**উত্তর :** পৃথিবীতে মোট পাঁচটি মহাসাগর রয়েছে।
**প্রশ্ন ৬। পৃথিবীর সবচেয়ে বড়ো মহাসাগর কোনটি?**
**উত্তর :** পৃথিবীর সবচেয়ে বড়ো মহাসাগর হলো প্রশান্ত মহাসাগর।
**প্রশ্ন ৭। পৃথিবীর সবচেয়ে ছোটো মহাসাগর কোনটি?**
**উত্তর :** পৃথিবীর সবচেয়ে ছোটো মহাসাগর আর্কটিক মহাসাগর।

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**প্রশ্ন ৮। পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ কোনটি?**
**উত্তর :** পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ হলো আফ্রিকা।
**প্রশ্ন ৯। পৃথিবীর সবচেয়ে বড়ো মরুভূমি কোনটি?**
**উত্তর :** পৃথিবীর সবচেয়ে বড়ো মরুভূমি হলো সাহারা।
**প্রশ্ন ১০। এন্টার্কটিকা মহাদেশে সারা বছর কী থাকে?**
**উত্তর :** এন্টার্কটিকা মহাদেশে সারা বছর বরফে ঢাকা থাকে।
**প্রশ্ন ১১। ইউরোপ মহাদেশের বৃহত্তম দেশ কোনটি?**
**উত্তর :** ইউরোপ মহাদেশের বৃহত্তম দেশ হলো রাশিয়া।
**প্রশ্ন ১২। বাংলাদেশ কোন মহাদেশে অবস্থিত?**
**উত্তর :** বাংলাদেশ এশিয়া মহাদেশে অবস্থিত।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।**

১. পৃথিবীর উত্তর-দক্ষিণে কিছুটা–
ক লম্বাকার খ ডিম্বাকার
গ চাপা ঘ বাঁকা
**উত্তর :** (গ) চাপা।

২. পৃথিবীর স্থলভাগ কতটুকু?
ক তিন ভাগের এক ভাগ খ চার ভাগের এক ভাগ
গ দুই ভাগের এক ভাগ ঘ তিন ভাগের দুই ভাগ
**উত্তর :** (খ) চার ভাগের এক ভাগ।

৩. প্রতিটি মহাদেশ কী নিয়ে গঠিত?
ক অনেক দেশ খ অনেক গ্রহ
গ অনেক মরুভূমি ঘ অনেক সাগর
**উত্তর :** (ক) অনেক দেশ।

৪. পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ কোনটি?
ক আফ্রিকা খ আমেরিকা
গ এশিয়া ঘ ইউরোপ
**উত্তর :** (গ) এশিয়া।

৫. পৃথিবীতে মোট কতটি মহাসাগর আছে?
ক চারটি খ দুটি
গ পাঁচটি ঘ তিনটি
**উত্তর :** (গ) পাঁচটি।

৬. পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট কোন মহাদেশে অবস্থিত?
ক এশিয়া খ আফ্রিকা
গ ইউরোপ ঘ ওশেনিয়া
**উত্তর :** (ক) এশিয়া।

৭. পৃথিবীর সবচেয়ে উচ্চতম শৃঙ্গের নাম কী?
ক মাউন্ট এভারেস্ট খ তাজিংডং
গ আল্পস ঘ কিলিমাঞ্জারো
**উত্তর :** (ক) মাউন্ট এভারেস্ট।

৮. আয়তনে এন্টার্কটিকা মহাদেশের অবস্থান কততম?
ক দ্বিতীয় খ তৃতীয়
গ চতুর্থ ঘ পঞ্চম
উত্তর : (ঘ) পঞ্চম।

৯. বিখ্যাত পাখি পেঙ্গুইন কোন মহাদেশে পাওয়া যায়?
ক এশিয়া খ ইউরোপ
গ এন্টার্কটিকা ঘ আফ্রিকা
উত্তর : (গ) এন্টার্কটিকা।

১০. দ্বীপ মহাদেশ নামে পরিচিত কোনটি?
ক ওশেনিয়া খ এশিয়া
গ আফ্রিকা ঘ ইউরোপ
উত্তর : (ক) ওশেনিয়া।

**নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।**

**প্রশ্ন ১। মহাদেশ কয়টি ও কী কী?**
উত্তর : মহাদেশ মোট ৭টি। যথা–
১. এশিয়া মহাদেশ, ২. ইউরোপ মহাদেশ,
৩. আফ্রিকা মহাদেশ, ৪. উত্তর আমেরিকা মহাদেশ,
৫. দক্ষিণ আমেরিকা মহাদেশ, ৬. ওশেনিয়া মহাদেশ ও
৭. এন্টার্কটিকা মহাদেশ।

**প্রশ্ন ২। মহাসাগর কয়টি ও কী কী?**
উত্তর : মহাসাগর মোট ৫টি। যথা–
১. প্রশান্ত মহাসাগর, ২. ভারত মহাসাগর,
৩. আটলান্টিক মহাসাগর, ৪. আর্কটিক মহাসাগর ও
৫. দক্ষিণ মহাসাগর।

**প্রশ্ন ৩। মহাদেশ কাকে বলে?**
উত্তর : পৃথিবীর বড়ো বড়ো ভূখণ্ডকে মহাদেশ বলা হয়। মূলত একই অঞ্চলে অবস্থিত কতকগুলো দেশ নিয়ে একটি মহাদেশ গঠিত হয়।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।**

**প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) পৃথিবী সৌরজগতের | উত্তর ও দক্ষিণে কিছুটা চাপা। |
| (খ) পৃথিবী দেখতে গোলাকার তবে | এক ভাগ স্থলভাগ। |
| (গ) পৃথিবীর উপরিভাগে | সাতটি মহাদেশে ভাগ করা হয়েছে। |
| (ঘ) পৃথিবীর চার ভাগের | একটি গ্রহ। |
| (ঙ) পৃথিবীর স্থলভাগকে | আছে স্থলভাগ ও জলভাগ। |
| | রয়েছে অনেক দেশ। |
| | পর্বত ও মরুভূমি নিয়ে গঠিত। |

**উত্তরমালা :**
(ক) পৃথিবী সৌরজগতের **একটি গ্রহ।**
(খ) পৃথিবী দেখতে গোলাকার তবে **উত্তর ও দক্ষিণে কিছুটা চাপা।**
(গ) পৃথিবীর উপরিভাগে **আছে স্থলভাগ ও জলভাগ।**
(ঘ) পৃথিবীর চার ভাগের **এক ভাগ স্থলভাগ।**
(ঙ) পৃথিবীর স্থলভাগকে **সাতটি মহাদেশে ভাগ করা হয়েছে।**

**খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।**

**প্রশ্ন ১। মহাদেশ কী? কোন মহাদেশের আয়তন সবচেয়ে বড়ো? তিনটি মহাদেশের নাম লেখ।**
উত্তর : পৃথিবীর স্থলভাগকে সাতটি ভাগে ভাগ করা হয়েছে, এর প্রতিটি ভাগকে মহাদেশ বলে।
এশিয়া মহাদেশের আয়তন সবচেয়ে বড়ো।
তিনটি মহাদেশের নাম হলো– ১. ইউরোপ মহাদেশ, ২. আফ্রিকা মহাদেশ ও ৩. অস্ট্রেলিয়া/ ওশেনিয়া মহাদেশ।

**প্রশ্ন ২। পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি? এ মহাদেশের মোট দেশ কয়টি? এ মহাদেশের চারটি তথ্য উল্লেখ কর।**
উত্তর : পৃথিবীর বৃহত্তম মহাদেশ হলো এশিয়া। এ মহাদেশের মোট দেশ ৪৮টি। এশিয়া মহাদেশ সম্পর্কে চারটি তথ্য হলো–
১. পৃথিবীর মোট স্থলভাগের প্রায় তিন ভাগের এক ভাগ এলাকা এশিয়া মহাদেশে অবস্থিত।
২. জনসংখ্যার দিক থেকে এটি সবচেয়ে বড়ো।
৩. পৃথিবীর প্রায় ৬০ ভাগ লোক এ মহাদেশে বাস করে।
৪. এশিয়া মহাদেশ পৃথিবীর উত্তর গোলার্ধে অবস্থিত।

**প্রশ্ন ৩। পৃথিবীতে মহাদেশ কয়টি? সবচেয়ে ছোটো মহাদেশ কোনটি? যেকোনো চারটি মহাদেশের নাম লেখ।**
উত্তর : পৃথিবীতে মহাদেশ ৭টি। সবচেয়ে ছোটো মহাদেশ হচ্ছে ওশেনিয়া। চারটি মহাদেশের নাম হলো– ১. এশিয়া, ২. ইউরোপ, ৩. আফ্রিকা ও ৪. ওশেনিয়া।

**প্রশ্ন ৪। মহাসাগর কয়টি? বৃহত্তম মহাসাগর কোনটি? মহাসাগরগুলোর নাম লেখ।**
উত্তর : পৃথিবীতে মোট পাঁচটি মহাসাগর রয়েছে। বৃহত্তম মহাসাগর হচ্ছে প্রশান্ত মহাসাগর।
মহাসাগরগুলোর নাম হলো–
১. প্রশান্ত মহাসাগর, ২. আটলান্টিক মহাসাগর,
৩. ভারত মহাসাগর, ৪. আর্কটিক মহাসাগর ও
৫. দক্ষিণ মহাসাগর।

**প্রশ্ন ৫। পৃথিবীর সবচেয়ে ছোটো দেশের নাম কী? কোন মহাদেশ সারা বছর বরফে ঢাকা থাকে? এশিয়া ও আফ্রিকা মহাদেশের দুটি করে ভৌগোলিক বৈচিত্র্য লেখ।**
উত্তর : পৃথিবীর সবচেয়ে ছোটো দেশ ভ্যাটিকানসিটি। এন্টার্কটিকা মহাদেশ সারা বছর বরফে ঢাকা থাকে।
এশিয়া মহাদেশের দুটি ভৌগোলিক বৈচিত্র্য হলো–
১. এশিয়া সবচেয়ে বড়ো মহাদেশ।
২. পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট এখানে অবস্থিত।
আফ্রিকা মহাদেশের দুটি ভৌগোলিক বৈচিত্র্য হলো–
১. আফ্রিকা দ্বিতীয় বৃহত্তর মহাদেশ।
২. সাহারা মরুভূমি এখানে অবস্থিত।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই


| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • মহাদেশ ও মহাসাগর সম্পর্কে বলতে ও লিখতে পারবে | | | |
| | • মহাদেশের ভৌগোলিক বৈচিত্র্য সম্পর্কে বলতে পারবে | | | |
| | • পৃথিবীর মানচিত্র দেখে বাংলাদেশের অবস্থান চিহ্নিত করতে পারবে | | | |
| দক্ষতা | • মানচিত্রে মহাদেশ ও মহাসাগরগুলোর অবস্থান চিহ্নিত করতে পারবে | | | |
| | • বাংলাদেশের ভৌগোলিক অবস্থান নির্ণয় ও বাংলাদেশের মানচিত্র অঙ্কন করতে পারবে | | | |
| দৃষ্টিভঙ্গি | • আনন্দের সাথে কাজে অংশগ্রহণ করেছে। | | | |
| | • দলে একে অপরকে সহযোগিতা করেছে। | | | |
| | • জোড়ায় সক্রিয়ভাবে কাজ করেছে। | | | |
| | • একে অপরকে সহযোগিতা করেছে। | | | |
| | • দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করেছে। | | | |
| মূল্যবোধ | • শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে। | | | |
| | • অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় : ..............

শিক্ষার্থীর নাম : ........................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। মহাদেশগুলো ভিন্ন ভিন্ন রং করি ও নাম লিখি—



২। পাঠ্যবইয়ের ৪৫নং পৃষ্ঠার মানচিত্র পর্যবেক্ষণ করি ও নিচের ছকে তথ্য লিখি—

| মহাদেশ | মহাসাগর |
|---|---|
| এশিয়া ও ইউরোপের উপরে অবস্থিত মহাসাগর | |
| এশিয়ার নিচে অবস্থিত মহাসাগর | |
| দক্ষিণ আমেরিকার বামে অবস্থিত মহাসাগর | |
| সবচেয়ে বড়ো মহাসাগর | |
| সবচেয়ে ছোটো মহাসাগর | |

৩। সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও।

(১) পৃথিবীর উত্তর-দক্ষিণে কিছুটা—

ⓚ লম্বাকার
ⓚ ডিম্বাকার
ⓖ চাপা
ⓖ বাঁকা

(২) পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ কোনটি?

(ক) আফ্রিকা (খ) আমেরিকা
(গ) এশিয়া (ঘ) ইউরোপ

(৩) আয়তনে এন্টার্কটিকা মহাদেশের অবস্থান কততম?

(ক) দ্বিতীয় (খ) তৃতীয়
(গ) চতুর্থ (ঘ) পঞ্চম

### উত্তরমালা

১। ৫৯ পৃষ্ঠার ১নং পাঠের একক কাজ (গ) দ্রষ্টব্য।

২। ৬০ পৃষ্ঠার ২নং পাঠের দলগত কাজ (খ) দ্রষ্টব্য।

৩। (১) (গ) চাপা; (২) (গ) এশিয়া; (৩) (ঘ) পঞ্চম।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐